

স্মারক নং- ৩১.৪৩.৬৯৪৪.০০৪.০০.০০৩.২২-৪৬০ (১৫)

তারিখ: ১৬ চৈত্র, ১৪২৮
৩০ মার্চ, ২০২২

পুন: ভি.পি পুকুর ইজারা বিজ্ঞপ্তি (দ্বিতীয় বার)

এতদ্বারা মৎস্যচাষী/ সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত ভি.পি পুকুর সমূহ ১৪২৯ হতে ১৪৩১ বাংলা সালতক ০৩ (তিন) বছর মেয়াদি প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। নিলাম ডাকে ইচ্ছুক ব্যক্তিগণকে পুকুর সমূহের বিপরীতে উল্লেখিত জামানতের অর্থ নগদ জমা প্রদান করে (ফেরত যোগ্য) ধার্য তারিখে সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

-ঃ নিলাম ডাকের জন্য ভি.পি পুকুরের তালিকা :-

ক্র. নং	ইউনিয়ন	ভিপি কেস নং	মৌজার নাম	খং নং	দাগ নং	পরিমাণ	জামানতের টাকার পরিমাণ	নিলাম ডাকের তারিখ
০১	দুয়ারিয়া	৪৪/৭৯-৮০	মহেশ্বর/২০৭	৬৫৮	৭৪০	০.৪৩ একর	৫০০০/-	০৬/০৪/২০২২
০২	ওয়ালিয়া	৩৪/৭৯-৮০	দেলুয়া/১৭৩	৮৯	৩২৫	১.১৩ একর	১৫০০০/-	

-ঃ শর্তাবলী :-

- ১। নিলাম ডাকে অংশ গ্রহণের পূর্বে প্রতিটি পুকুরের পার্শ্বে উল্লেখিত জামানতের টাকা নগদ জমা প্রদান পূর্বক নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ ডাককারীর ডাক গৃহিত হবে। ডাককারীকে ১৫% ভ্যাট এবং ১০% আয়করসহ সমুদয় অর্থ ডাক শেষ হওয়ার সঙ্গে সঙ্গে নগদ পরিশোধ করতে হবে।
- ৩। নিলাম ডাক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন সাপেক্ষে পুকুরের দখল ০৩ (তিন) বছরের জন্য বুঝিয়ে দেওয়া হবে।
- ৪। নিলাম ডাক অনুমোদিত হলে ডাককারীকে ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিনামা সম্পাদন করতে হবে।
- ৫। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতিত পুকুরের ইজারা গ্রহণের দাবী করা যাবে না এবং পুকুর পাড়ের কোন গাছ/সরকারী সম্পদের ক্ষতি সাধন করা যাবে না। পুকুরের মাটি খননসহ কোনরূপ পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না। ইজারাকৃত পুকুর সাব-লীজ প্রদান করা যাবে না বা কাউকে হস্তান্তর করা যাবে না।
- ৬। উল্লেখিত যে কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল পূর্বক ডাকমূল্য বাজেয়াপ্ত করে পুনরায় ইজারা প্রদান করা হবে।
- ৭। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত সময় দেয়া হবে না।
- ৮। কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

Signature
৩০/০৬/২০২২

শামীমা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার

ও


সহকারী কমিশনার (ভূমি) (অ:দা:)
লালপুর, নাটোর

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নাটোর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালপুর, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, লালপুর, নাটোর।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ৫। এ.পি লালপুর বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ, লালপুর, নাটোর। বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হলো।
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ইউনিয়ন ভূমি অফিস লালপুর, নাটোর তাঁকে সংশ্লিষ্ট এলাকায় টোল সহরতসহ বিজ্ঞপ্তিটি এলাকায় ব্যাপক প্রচার ও ইজারা বিজ্ঞপ্তি জারির প্রতিবেদন আগামী ০৫/০৪/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে দাখিল করতে বলা হলো।
- ৮। জনাব
তাঁকে ৩০ চৈত্র ১৪২৮ বাংলা সনের মধ্যে ইজারাকৃত পুকুরের দখল ছেড়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
- ৯। নোটিশ বোর্ড।


৩০/০৬/২০২২

শামীমা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার (ভূমি) (অ:দা:)
লালপুর, নাটোর